

টুনি ও ইরাবড়ি

Tuni and Irrawaddy



YEOSU PROJECT

Strengthening Capacity of Marine and Brackish Water
Biodiversity Conservation in the Sundarbans Mangrove Forest,
A UNESCO World Heritage Site, Bangladesh

টুনি ও ইরাবডি

কপিরাইট © ২০১৬ ফিশারিজ এন্ড একোয়াকালচার অনুষদ
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা-১২০৭

সম্পাদনা

ড. কাজী আহসান হাবীব

ড. ফারহানা আখতার

অমিত কুমার নিয়োগী

সহ-সম্পাদনা

নাজমুন নাহার

জেসমিন সাথী

অনুবাদ

মো: আখতার হোসেন

গল্পকার

আফরোজা খাতুন মৌ

চিত্রায়ন

আশীষ কুমার সরকার

অলঙ্করণ

মোঃ আরাফাত রহমান খান

যোগাযোগ

প্রফেসর ড. কাজী আহসান হাবীব

ফিশারিজ বায়োলজি ও জেনেটিক্স বিভাগ,

ফিশারিজ এন্ড একোয়াকালচার অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়,

শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

ইমেইল: ahsan.sau@gmail.com

Tuni and Irrawaddy

Copyright © 2016 Faculty of Fisheries and Aquaculture,
Sher-e-Bangla Agricultural University, Dhaka- 1207 (SAU)

Edited By

Dr. Kazi Ahasan Habib

Professor, Dept. of Fisheries Biology and Genetics, SAU

Dr. Farhana Akhtar

Associate Professor, Dept. of Bangla, JU

Amit Kumer Neogi

Aquatic Bioresource Research Lab, SAU

Sub-Edited By

NajmunNahar

Aquatic Bioresource Research Lab, SAU

Jasmin Sathi

Aquatic Bioresource Research Lab, SAU

Translation

Md. Akhtar Hossain

Associate Professor, Dept. of Language, SAU

Story

Afroza Khatun Mou

Drawing

Ashish Kumar Sarkar

Decoration

Md. Arafat Rahman Khan

Contact

Professor Dr. Kazi Ahasan Habib

Dept. of Fisheries Biology and Genetics,

Sher-e-Bangla Agricultural University,

Sher-e-Bangla Nagar, Dhaka- 1207.

Email ahsan.sau@gmail.com



টুনি ও ইরাবতি Tuni and Irrawaddy

সুন্দরবন। এক গহীন অরণ্য। বিশ্বের সর্ব বৃহৎ ম্যানগ্রোভ বন এটি। এ জঙ্গলে রয়েছে হরেক রকম ম্যানগ্রোভ উদ্ভিদ। যেমন- সুন্দরী, গরাণ, গেওয়া। বনে নিত্য চলে নানা রকম পাখির কলকাকলি, হরিণের লাফালাফি, ভোঁদরের দৌড়, বানরের নাচানাচি, বাঘের গর্জন, নদীর পানিতে শুশুকের অবিরত ওঠানামা, নানা ধরনের রঙবেরঙের মাছের দাপাদাপি, চিড়িং মাছের মারামারি, কাঁকড়ার লুকোচুরি খেলা আরও কত কী! সেই বনের মহারাজা বাঘ, নাম তার রয়েল বেঙ্গল টাইগার।

বনের মধ্য দিয়ে প্রবাহিত শেলা, বলেশ্বর, পশুর, কালিন্দি ইত্যাদি অনেক ছোট-বড় নদী মোহনা হয়ে সাগরে এসে মিশেছে। সুন্দরবনের এই জল রাজ্যে বাস করে তিন ধরনের শুশুক- ইরাবতি শুশুক, গঙ্গা নদীর শুশুক, গোলাপি শুশুক। ইরাবতি হলো এই জলরাজ্যের রাণী। রাজ পরিবারে আরও আছে পাখনা বিহীন পরপয়েজ। এই জলের রাজ্যে বাস করে নানান ধরনের মাছ রূপালী চান্দা, তপসে, বেল, কাজলি, চাপিলা, ইলিশ, মাগুর, পোয়া, কইবোল, পারশে, পটকা, চিড়িং, কুচিয়া মাছ, কুকুরজিভ, কলাপাতামাছ, করাতমাছ, লম্বা ঠুটো কাকিলা, সমুদ্র ঘোড়া, হাঙ্গর, চিংড়ি, কাঁকড়া, বাটাগুর কচ্ছপ আরও হরেক রকম প্রাণী!

The Sundarbans, a dense forest. It is the largest mangrove forest in the world. There are different kinds of mangrove plants in the Sundarbans such as Sundori, Goran, Gewa etc. Chirping of birds, jumping of deers, running of otter, dancing of monkeys, roaring of tigers, playing of dolphins, movements of different kinds and coloured fishes, fighting of shrimps, hiding and seeking of crabs go on continuously in this forest. Royal Bengal Tiger is the king of this forest.

Many big and small rivers such as the Boleshwor, the Shela, the Poshur, the Kalindi etc. flow across this forest and fall into the Bay of Bengal. Three types of dolphins live in this water kingdom- Irrawaddy dolphin, Ganges river's dolphin and Indo-pacific humpback dolphin. Irrawaddy is the Queen of this water kingdom. Finless porpoise also live in this kingdom. There are also many kinds of fish such as crab, sea horse, puffer, half beak, shrimp, shark, catfish, tonguesole, sawfish, batagur terrapin etc.



ইরাবতি প্রাণ দিয়ে ভালবাসে তার রাজ্যকে। রঙবেরঙের মাছেরা যখন জলের মাঝে ঝাঁকে ঝাঁকে সাঁতার কাটে আর নেচে বেড়ায় তখন সে তৃপ্তির নিঃশ্বাস ফেলে।

জলরাজ্যের সেনাপতি কুমির মহাশয়। সে নোনা পানির কুমির। বনের রাজা আর জলের রাণী দুই জনেরই খুব প্রিয় সে।

জলরাজ্যের পাশেই ছোট ছোট অনেক গ্রাম। গ্রামের বেশিরভাগ মানুষই জেলে, মাছ ধরেই তাদের দিন কাটে। আবার অনেকে মৌয়াল, মধু সংগ্রহ করেতারা জীবন-যাপন করে। তাদের জীবন এই সুন্দরবনের সাথে ওতপ্রোতভাবে জড়িত। এমনই এক জেলে পরিবারের মেয়ে টুনি। টুনির খুব ইচ্ছে করে বাবার সঙ্গে সঙ্গে নৌকায় ঘুরে বেড়াতে। সে চাইত বনের পশু-পাখিদের সঙ্গে খেলতে, নদীর মাছেদের সঙ্গে বন্ধুত্ব করতে কিন্তু মা তাঁকে যেতে দেয়না, বলে অনেক বিপদ, অনেক ভয়ংকর প্রাণী থাকে ঐ জলে আর জঙ্গলে। কিন্তু টুনি তার মায়ের কথা মোটেই বিশ্বাস করে না। জলের কলকল শব্দ, মাছেদের লাফালাফি সবকিছুই টুনিকে টানত। তার যেন মনে হত গ্রামের মুক্তা আর শেফালির চেয়ে এরাই তার কাছের বন্ধু।

Irrawaddy loves her kingdom heart and soul. While the fishes of different colours swim in groups, she feels happy.

Crocodile is the commander of this water kingdom. The King of forest and the Queen of water both like him.

Beside this kingdom, there are many small villages. Most of the people of these villages are fishermen. They spend their time by fishing. Many people live on collecting honey. Their livelihood mostly depends on the Sundarbans. Tuni is a girl of such a fisherman family. She wishes to have boat riding with her father. She wants to play with the animals of the forest and make friendship with the fishes of the rivers. But her mother does not allow her rather she says that there are much troubles and dangerous animals. But Tuni doesn't believe her words. Murmurings of water, jumping of the fishes attract her. It seems to her that they are her better friends than Mukta and Shefali who live in the same village.



একদিন সকালে মায়ের চোখে ফাঁকি দিয়ে সে চলে এল নদীর পাড়ে। দূরে হঠাৎ টুনির চোখ পড়লো পাশে জমে থাকা কাদা-পানির উপর। সে দেখল অনেকগুলো বড় চোখওয়ালা প্রাণী পানির নিচ থেকে চোখ বের করে টুনির দিকে তাকিয়ে রয়েছে। টুনি ওদের কাছে যাবার চেষ্টা করতেই প্রাণীগুলো দ্রুত পানির নিচে ডুব দিল।

টুনি চিৎকার করে বলল “কোথায় গেলে গো তোমরা, এসো, এদিকে এসো, আমি তোমাদের সাথে বন্ধুত্ব করতে চাই, আমরা এক সাথে খেলবো, নাচবো...”। এমন সময় সে দেখল নদীর পাড়ে তার সামনে ভেসে উঠল বড় চোখওয়ালা সেই প্রাণীটি। টুনি অদ্ভুত চোখে তাকিয়ে রইল। বলল- তুমি কে? প্রাণীটি বলল- আমি চিড়িং মাছ, এই জল রাজ্যের বার্তাবাহক। তুমি কে ছোট্ট মেয়ে? তোমাকে তো আগে কখনও দেখিনি?

টুনি- আমি টুনি, পাশের গ্রামে থাকি। আমি তোমাদের জল রাজ্য ঘুরেঘুরে দেখতে চাই। কিন্তু কীভাবে যাবো কিছুই বুঝতে পারছি না। তুমি কি আমার বন্ধু হবে? নিয়ে যাবে তোমাদের রাজ্যে?


চিড়িং মাছ- ঠিক আছে, আজ থেকে আমরা বন্ধু। আগে আমি আমাদের রাণীর অনুমতি নিয়ে আসি, এরপর নিয়ে যাবো আমাদের রাজ্যে।

One morning, she came to the bank of a river without taking permission from her mother. Suddenly she noticed some accumulated water and mud. She saw some animals with big eye looking at her from water. As soon as she tried to reach them, they went under water.

Tuni shouted and asked, "Hey, where did you go? Come, come here, I want to make friendship with you; we will play and dance together....." On that time she saw a big eyed animal near to her. Tuni looked at it with wonder. She asked, "Who are you?" It said, "I am mudskipper, the messenger of this water kingdom. Who are you little girl? I've never seen you before."

Tuni- I'm Tuni. I live in that village. I want to visit your Kingdom. But I do not know how to go. Will you be my friend? Will you take me to your Kingdom?

Mudskipper- Ok. We are friend since now. Let me take permission from our Queen first, then I will take you to our kingdom.



চিড়িং মাছ তখনই গেল রাণীর কাছে। সব কথা রাণীকে খুলে বলল।

রাণী ইরাবতি বলল- জলরাজ্যে কখনও অতিথির অসম্মান হয় না। আমি নিজে যাবো ওকে আনতে। এরপর রাণী ইরাবতী চিড়িংকে নিয়ে টুনিকে আনতে চলে গেল।

রাণী ইরাবতি ভুশ করে পানির ওপরে উঠে টুনিকে ডেকে বললেন, এই যে ছোট্ট মেয়ে, তুমি নাকি আমার রাজ্য ঘুরে দেখতে চাও! এস। আমার পিঠে উঠে বস। আমি নিজে তোমাকে আমাদের রাজ্য ঘুরিয়ে দেখাব।

টুনি ইরাবতিকে দেখে কিছুটা বিস্মিত হল। টুনি বলল- তুমি কে?

ইরাবতি- আমি রাণী ইরাবতি। এই জলরাজ্যের রাণী।

ইরাবতি কথা শুনে টুনি ভরসা পেল। তারপর সে ইরাবতির পিঠে উঠে বসল। ইরাবতি টুনিকে নিয়ে ডুব দিল জলের ভেতরে।

টুনি অবাক হয়ে দেখতে লাগল সব। জলের ভেতরেও যে গাছ হয় তাতো সে জানতই না! রঙবেরঙের মাছেরা সাঁতরে বেড়াচ্ছে আপন মনে। টুনি দেখল পোকাকার মত কি যেন ভেসে বেড়াচ্ছে, ওরা মাছের মত না, পাখনাও নেই, ভালভাবে সাঁতরাতে পারছেন। টুনি ইরাবতিকে জিজ্ঞাসা করল- ওরা কারা?

The mudskipper went to the Queen and told her about Tuni's wish in detail.

The Queen Irrawaddy said- Guests are never dishonored in the water kingdom. I myself will go to take her. Then she went with the mudskipper to take Tuni. The Queen Irrawaddy came out from water.

The Queen Irrawaddy called to Tuni, "Hey little girl, I heard that you are willing to visit my Kingdom! Come and sit on my back. I will take you to visit my kingdom.

Tuni became surprised after seeing the Queen Irrawaddy. Tuni asked- who are you?

Irrawaddy- I'm Queen Irrawaddy. Queen of this water kingdom.

After hearing from Irrawaddy, Tuni became confident. Then she sat on her back and Irrawaddy took her under the water.

Tuni began to see everything with interest. She did not know that plant can grow under the water. She saw the swimming of different colored fishes. She saw some small insects like animal floating. They do not look like fish, they do not have fins. They can't swim well. Tuni asked Irrawaddy- Who are they?



ইরাবতি- ওরা জুপ্লাস্কটন। ওরা ভালভাবে সাঁতরাতে পারেনা। শুধু ঢেউয়ের সাথে ভেসে বেড়ায়। ছোট বড় মাছেরা এবং অন্যান্য অনেক জলজ প্রাণী এদের খেয়ে বেঁচে থাকে।

টুনি বলল- তাহলে এই জুপ্লাস্কটনরা কি খায় ?

ইরাবতি উত্তর দিল- এই যে পানির সবুজভাব দেখতে পাচ্ছ না? এখানে কিন্তু মিশে আছে আণুবীণিক সবুজ উদ্ভিদ। এদের ফাইটোপ্লাস্কটন বলে। এরাই জুপ্লাস্কটনের খাদ্য। এরা মাছেরও খাদ্য। জলের পরিবেশ নষ্ট হলে এসকল খাদ্য তৈরি হতে পারে না।

টুনি দেখতে পেল পেট ফোলা একটি মাছ ধীরে ধীরে আপন মনে সাঁতরে বেড়াচ্ছে জলে। টুনি মাছটাকে বলল- তুমি তো বড্ড অলস। এসো, আমার সাথে একটু খেলা করবে। এই বলে যেই ওকে ধরতে গেল ওমনি তার পেটটা আরো ফুলে বেলুনের মত হয়ে গেল। টুনি খুব অবাক হল। পাশে থাকা চিড়িং মাছ হেসে বলল- এটি হচ্ছে পটকা মাছ। যখনই ওকে কেউ জ্বালাতন করে অথবা কাউকে বিপজ্জনক ভাবলে সে নিজের শরীরকে বেলুনের মত করে ফুলিয়ে শত্রুর হাত থেকে নিজেকে রক্ষা করে।

চান্দা মাছেরা যখন ঝাঁক বেঁধে ঘুরে বেড়াচ্ছিল কি অপরূপ লাগছিল তখন জল রাজ্যকে। টুনি দেখল সাপের মত ঐক্যেঁকে কি যেন কয়েকটা নদীর কাদায় মাখামাখি করছিল। টুনি বলল- ওগুলো কি সাপ?

Irrawaddy said- They are Zooplankton. They can't swim well. They just drift with water. Fish and other aquatic animals consume them for living.

Tuni said- What do these Zooplankton eat?

Irrawaddy replied- Look the greenish color of water. There are some microscopic green plants. These are called Phytoplankton. These are the feeds for those Zooplankton. These are also feeds for fishes. These feeds can't be produced if the aquatic environment is disturbed.

Tuni saw a fish with a round belly swimming around slowly. Tuni said to this fish- You are very lazy. Come and play with me. When Tuni went to touch it, it swelled its belly like a balloon. Tuni became surprised. Then the mudskipper said that it is a Puffer fish. When someone tries to disturb, it defends itself by swelling its belly.

While the groups of Chanda fish were swimming around, the water kingdom was looking so beautiful. Tuni saw something like snake. She asked- Are they snake?



রাণী ইরাবতি বলল- না। ওগুলো সাপের মত অনেকটা দেখতে হলেও সাপ নয়। ওগুলো কুচিয়া মাছ।

জলরাজ্যে ঘোড়ার মত দেখতে প্রাণী গুলোকে দেখিয়ে টুনি ইরাবতিকে জিজ্ঞেস করলো এরাও কী মাছ? রাণী ইরাবতি বলল- হ্যাঁ এরাও একধরনের মাছ। এদের নাম সমুদ্র ঘোড়া।

মাছেদের এমন খেলা দেখে অনেক ভাল সময় কাটছিল টুনির। হঠাৎ টুনির মনে হল, অনেকক্ষণ হয়ে গেছে মা তো তার চিন্তায় অস্থির হয়ে গেছে এতক্ষণে। সে রাণী ইরাবতিকে বলল তাকে ডাকায় পৌঁছে দিতে।

রাণী ইরাবতি বলল- ঠিক আছে। তবে আবার আসতে হবে বন্ধু, কথা দিতে হবে। টুনি বলল- অবশ্যই আসব। সেদিন তোমাদের সাথে সারাদিন থাকব। এই বলে টুনি রাণী ইরাবতি ও চিড়িং মাছের কাছ থেকে বিদায় নিল।

বেশ কিছুদিন কেটে গেল। একদিন জলরাজ্যের বার্তাবাহক চিড়িং মাছ কাদার মাঝে হাঁটছিল। এমন সময় এক পা ওয়ালা লাল কাঁকড়া দৌড়াতে দৌড়াতে এলো। তার বড় চোখে ভয় এর ছাপ। বলল, “জলদি খবর দাও তোমাদের রাণীকে, মহারাজ রয়েল বেঙ্গল টাইগার জবুরি কথা বলতে চান।

The Queen Irrawaddy said- No. Although they look like snake but they are not. They are Eel fish.

Pointing the animals which look like horse, Tuni asked Irrawaddy- Are they also fish? The Queen Irrawaddy said- Yes, they are also one kind of fish. They are called Sea horse.

Tuni was passing very good times by seeing the playing of fishes. She, suddenly, remembered that a long time had already been spent and mother might have been very worried for her. She asked Irrawaddy to take her back to the land.

The Queen said- Ok, but you will have to come again friend. Tuni said- Of course, I will come. Then I will stay all day long with you. After saying this Tuni took leave from the Queen Irrawaddy and the Mudskipper.

Many days have been spent. One day the messenger, Mudskipper was walking on the mud. In the meantime a red crab came to the Mudskipper and said- "Convey a message to your Queen that the King Royal Bengal Tiger wants to meet her immediately".



রাণী ইরাবতি খবর পাওয়া মাত্রই রওনা হল মহারাজের সঙ্গে দেখা করার জন্য। মহারাজের কাছে এসে ভূশ করে জলের ওপর ভেসে উঠল ইরাবতি, দেখল মহারাজ বাঘ তার সেনাপতি কুমিরকে নিয়ে চিন্তিত মুখে দাঁড়িয়ে আছেন।

রাণী ইরাবতি: কিছু বলবেন মহারাজ, হঠাৎ জরুরি তলব যে?

মহারাজ: হুম্ম। খবর খুব খারাপ তাই একটু জলদি আসতে বললাম। তুমিতো জানো আমি আমার রাজ্যে কারও কোন সমস্যা হচ্ছে কিনা দেখার জন্য হেঁটে বেড়াই সমস্ত বনজুড়ে। কিন্তু ঐ রঙবেরঙের পোশাক পরা কিছু দুষ্ট মানুষের দল আমাদের আর শান্তিতে থাকতে দিচ্ছেনা। বন কেটে ফেলছে। হরিণ, সাপ, পাখি, বানর সবাই তাদের ঘরবাড়ি হারাচ্ছে। বাটাগুর কচ্ছপেরা, কালো প্যাঁরা পাখি তো প্রায় নির্বংশই হয়ে গেছে। নদীর পানিতে ময়লা-বর্জ্য মিশে দূষিত হচ্ছে পানি ফলে কমে যাচ্ছে নদীর মাছ। আগে আমি হালুম বলে হুংকার করলেই মানুষেরা ভয়ে দৌড়ে পালাত, আর এখন ওরা লম্বা নাকওয়ালা কি যেন নিয়ে আসে, তার শব্দে আমিই ভয়ে মরি।

রাণী ইরাবতি: তাহলেতো খুবই খারাপ অবস্থা!

মহারাজ: তোমরাও একটু সাবধানে থেকো। তোমাদের জলরাজ্যেও ওরা পাস্টিক আবর্জনা, অশোধিত শিল্প বর্জ্য ফেলে পরিবেশ নষ্ট করছে।

রাণী ইরাবতি: মানুষেরাতো আমাদের বন্ধু। আমাদের রাজ্যে বেড়াতেও আসে। বনের গাছ ওদের ঝড়-ঝঞ্জা থেকে রক্ষা করে, কাঠ দেয়। জলের মাছ ওদের খাদ্য দেয়। ওরা আমাদের ক্ষতি করবে কেন?

মহারাজ: সব মানুষ খারাপ নয়। অল্প কিছু দুষ্ট ও অসচেতন মানুষই আমাদের যত ক্ষতির কারণ। গম্ভীর স্বরে বলে চলে গেলেন মহারাজা বাঘ।

As soon as the Queen received this message, she pushed onward to meet the king. After coming near to the king. She saw that the King is standing along with his commander with worried face.

Queen Irrawaddy: Would you tell me something your Excellency, it seems to be an urgent call!

King: Hmm. There is a very bad news, that's why I sent you an urgent call. You know that I walk around the whole forest to see the condition of my subjects. But some naughty people with coloured dress are not letting us stay peacefully. They are cutting down the trees of this forest. Deer, snakes, birds, monkeys are losing their shelter. Batagur terrapin, Masked Finfoot are almost finished. Due to dirt-waste the river water is getting polluted. As a result number of fishes are getting reduced. In past when I roared, the people get frightened and left the place, but now they bring something with a long nose and I become afraid of its sound.

Queen Irrawaddy: Very bad situation!

King: Stay safe. They are also polluting your water kingdom.

Queen Irrawaddy: Men are our friends. They come to visit our kingdom too. Trees protect them from storms and give them woods. Fishes give them foods. Why would they harm us?

King: All men are not bad. Some mischievous and unconscious people are responsible for our trouble. The King returned to the forest.



রাণী ইরাবতিও আবার ডুব দিল জলে। সে কিছুই বুঝতে পারলনা, এখন তার কী করা উচিত, কীভাবে যে এই বনকে, জলরাজ্যকে রক্ষা করবে।

রাণী ইরাবতি সভা ডাকল সবাইকে সতর্ক করার জন্য। সবাইকে জানাল হলো মহারাজের কথাগুলো।

রাণী সেনাপতি কুমিরকে ডেকে বলল সারাদিন না ঘুমিয়ে এখন থেকে তোমার কাজটায় আরেকটু মন দাও।

রাণী ইরাবতির কথা শুনে মাগুর বলল আমি কাদায় লুকিয়ে থাকব আর আমার এই কাঁটাটা ঢুকিয়ে দিব দুষ্ট মানুষের পায়ে, ওরা আর হাটতেই পারবেনা, আমাদের কাছে আসতেও পারবেনা।

শাপলা পাতা মাছ বলল- রাণীমা আপনি একদম চিন্তা করবেন না, ওরা আসলেই আমি পিঠের কাঁটা ফুটিয়ে দিব, তখন বুঝবে আমাদের ক্ষতি করতে চাওয়ার মজাটা।

হাতুড়ির মত মাথাওয়ালা হাঙ্গর বলল- আমার প্রসারিত মাথার দুচোখ দিয়ে আমি রাজ্যের চারদিকে খেয়াল রাখব।

সবার কথা শুনে রাণী ইরাবতি আশ্বস্ত হল, বলল- মানুষেরা আমাদের বন্ধু শুধু ঐ কিছু অসৎ মানুষ ছাড়া। তবে আমরা যদি এভাবে একসাথে থাকি ঐ মানুষেরা আমাদের কিছুই করতে পারবেনা। তবে যদি ওরা আমাদের ক্ষতি না করে তবে ওদের কোন ক্ষতি কখনই করবনা।

The Queen Irrawaddy went under the water. She could not understand that what she should do, how she would protect this forest and water kingdom.

The Queen Irrawaddy called a meeting to warn all. She informed all of the King's anxiety.

The Queen advised the commander Crocodile to be more attentive in his duty instead of sleeping all day long.

After hearing the news from Queen Irrawaddy, Catfish said- I will hide under the mud and will inject my spine into their feet, they even won't be able to come near to us.

Ray said- Don't worry at all, if they come, I will hurt them with my back spine, then they will suffer.

Hammer-headed Shark said- I will watch the whole kingdom with my wide-set eyes.

After hearing everything, the Queen Irrawaddy became assured and said, "Men are our friends except those some dishonest people. So if we all stay together, they won't be able to harm us. But if they do not harm us, we will never harm them."



এরপর আবার যে যার মত তাদের দিন কাটাতে লাগল।

ইঠাৎ একদিন রাতে সবার ঘুম ভেঙ্গে গেল। অদ্ভুত একটা ব্যাপার ঘটল। তারা কেউ শ্বাস নিতে পারছে না। কেউ বুঝতে পারল না কী ঘটেছে। আগে তো কখনও এমন হয়নি।

রাণী ইরাবতি দেখল আশেপাশের জল কালো হয়ে গেছে। রাণী পানির ওপর ভেসে উঠে দেখল বড় এক তেলবাহী জাহাজ কাত হয়ে পড়ে আছে আর তা থেকে কালো রঙের তেল ছড়িয়ে পড়েছে সমগ্র জলরাজ্যে এবং জোয়ারের সাথে ভেসে চলে যাচ্ছে বনের কাদায়। সেনাপতি কুমির নিজের জীবন বাঁচাতে আগেই জল ছেড়ে ডাঙ্গায় বনের ভেতরে পালিয়েছে।

অন্যরাও যে যার মত দৌড়ে পালাতে লাগল। কিন্তু ওদের যে এই জলরাজ্য ছাড়া আর কোন রাজ্যে থেকে অভ্যাস নেই। তারপরেও জীবন বাঁচাতে তারা অন্য রাজ্যে চলে যেতে থাকল। কেউ ডুব দিল গভীর জলে, যেখানে তেল ঢুকতে পারেনি। সবচেয়ে খারাপ অবস্থা চিড়িং মাছ ও এক পাওয়ালা কাঁকড়া গুলোর।

রাণী ইরাবতি অসহায় প্রজাদের ছেড়ে কোথাও গেল না, তার প্রজাদের এই দুরবস্থায় সে কীভাবে পালিয়ে যেতে পারে!

After that they began to spend their times according to their wishes.

At one night all animals of water woke up suddenly. A strange matter happened. None of them could take breath. No one understood what happened. Such an incident never happened before.

The Queen Irrawaddy saw that the surroundings became blackish. She came out the water and saw that a big oil tanker turned down and oil was spreading over the whole water kingdom and washing away into the forest with tidal flow. The commander crocodile escaped from the water and took shelter in the land of forest to save his own life.

All other animals also began to flee randomly. But they were not used to live in any other kingdom except the water kingdom. Still they kept running. Some of them dived into the deep water where the oil can't reach. It was the worst condition for the Mudskipper and Fiddler crabs.

The Queen Irrawaddy didn't leave keeping her helpless subjects behind, how can she leave in such miserable condition!



পরদিন সকালে নদীর পাড়ের গ্রামের মানুষেরা ঐ জাহাজের কাছে এলো। তাদের সঙ্গে টুনিও। তারা দেখল অনেক মাছ, কাঁকড়া মরে ভেসে আছে। সেই সাথে ভাসছে একটা মৃতপ্রায় গুগু। টুনি চমকে উঠল, বলল- ঐ যে রাণী ইরাবতি!

আর কেউ চিনতে না পারলেও টুনি চিনতে পারল। টুনি কাঁদতে কাঁদতে দৌড়ে গেল। জড়িয়ে ধরল রাণী ইরাবতিকে। মৃতপ্রায় রাণী ইরাবতি কাঁদতে কাঁদতে টুনিকে বলল- “আমরাতো কখনও তোমাদের কোন ক্ষতি চাইনি, কিন্তু তোমরা কেন আমাদের বাঁচতে দিলেনা? তোমরা বন উজাড় করে, বনের জল দূষিত করে আমাদের আবাসের এভাবে ক্ষতি করলে একদিন তোমরাও বেঁচে থাকতে পারবেনা”।

টুনি কাঁদতে কাঁদতে তার গ্রামের সব বন্ধুদের চিৎকার করে বলতে লাগল- বন্ধুরা কে কোথায় আছো? তোমরা এসো এ নোংরা জল পরিষ্কার করতে হবে। আমার জলের বন্ধুরা যে সব মারা যাচ্ছে! তার কথা শুনে টুনির স্কুলের বন্ধুরা সব ছুটে এল। কেউ এলো মায়ের পুরনো শাড়ি নিয়ে, কেউবা এলো মশারির কাপড় নিয়ে। সবাই প্রাণপণে সেগুলো দিয়ে তেল ছাঁকতে শুরু করল জল পরিষ্কারের জন্য। কিন্তু হায়! তার আগেই রাণী ইরাবতি মারা গেল।

টুনি চিৎকার করে কাঁদতে কাঁদতে বলল তোমরা কেউ সুন্দরবন ধ্বংস করো না, কেউ বনের জলকে নষ্ট কর না। তোমরা বনের পশু-পাখি আর জলের প্রাণীদের বাঁচতে দাও। ওরা আমাদের বন্ধু, ওরা প্রকৃতির বন্ধু।

In the next morning, the villagers came near that tanker. Tuni was also with them. They saw many dead fishes and crabs floating on the water. She saw a half-dead dolphin also floating. She startled and said- here is the Queen Irrawaddy!

None but Tuni knew her. She ran after her and hold the Queen. The moribund Queen told Tuni- "We never wanted to harm you, but why didn't you let us survive? If you harm the forest and pollute the water in this way, you will not be able to survive."

Tuni started crying and shouted to the villagers, saying "Friends come sharp; we will have to clean the dirty water. My all friends of water are going to die! After hearing this, her all friends ran to her. Some came with the old sharees of their mothers, some came with mosquito nets. They all tried heart and soul to filtrate the oil to clean water. But, Alas! The Queen Irrawaddy already died.

Tuni began to scream and said "Don't destroy the Sundarbans and don't pollute the water. Let the animals of the forest and the water survive. They are our friends, they are friends of the nature too."



বাঁচাতে সুন্দরবন

দূষণমুক্ত জলাভ জীবন

Stop Pollution
Save Sundarbans

SUNDARBANS

BAY OF BENGAL

